

চবিতে 'ছাত্রলীগ' সন্দেহে শিক্ষার্থীকে বেধড়ক পিটুনি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:০০, ৯ নভেম্বর ২০২৪



প্রক্টরিয়াল বডি তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এক শিক্ষার্থীকে মুখ বেঁধে তুলে নির্জন এলাকায় নিয়ে বেধড়ক পেটানোর অভিযোগ ওঠেছে। খবর পেয়ে প্রক্টরিয়াল বডি তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে।

শুক্রবার (৮ নভেম্বর) রাত ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা দপ্তরের সামনে থেকে তুলে নেওয়ার এ ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. তানভীর মোহাম্মদ হায়দার আরিফ বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা দপ্তরের সামনে থেকে মুখ বেঁধে ওই শিক্ষার্থীকে তুলে নিয়ে যায় দুর্বৃত্তরা। পরে জীববিজ্ঞান অনুষদের পেছনের নির্জন এলাকায় নিয়ে গিয়ে মারধর করা হয়। প্রক্টরিয়াল বডি জীববিজ্ঞান অনুষদ থেকে তাকে উদ্ধার করে প্রথমে চবি মেডিকেল হাসপাতালে নেয়। পরে এক্সরের জন্য তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে পাঠানো হয়

আর কে

